



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০২ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**কর্ণফুলী গ্যাস ডিষ্ট্রিবিউশন কোম্পানী লি. এর বার্ষিক ক্রীড়া
প্রতিযোগিতা উদ্বোধন ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে
মেয়র আ জ ম নাছির উদ্দীন
ক্রীড়া মানসিক প্রশান্তি আনে-**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, বিনোদনের মাধ্যম সংস্কৃতি চর্চা ও খেলাধুলা। ক্রীড়া মানসিক প্রশান্তি আনে এবং মানুষ হয় উদার ও অর্জন করে প্রতিযোগিতার মানসিকতা। তিনি অসাম্প্রদায়িক এ মাধ্যমকে বেশী বেশী চর্চা করার পরামর্শ দেন। ০২ ফেব্রুয়ারী ২০১৮খ্রি শুক্রবার, সকালে নগরীর নাসিরাবাদ কর্নফুলী গ্যাস ডিষ্ট্রিবিউশন কোম্পানী লি. এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মেয়র এসব পরামর্শ দেন। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার আলী মো. আল মামুন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অত্র গ্যাস কোম্পানীর কর্মকর্তাগণ ছাড়াও সিবিএ সভাপতি মো. ফরিদ আহমদ, সাধারণ সম্পাদক মো. আসলাম, জাতীয় শ্রমিকলীগের সভাপতি খালেদ সাইফুল্লাহ টিপু, সাধারণ সম্পাদক আবু জাবের খতিব ও আওয়ামী, যুবলীগ নেতা মো. আইয়ুব উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মেয়র বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা